



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ।

ওয়েবসাইট: www.naogc.edu.bd

College Code: 2500, EIIN Number: 123488



বিজ্ঞপ্তি নং- ৬৯ /নসক/২০২৫

তারিখ: ২৯/০৭/২০২৫ খ্রি.

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আন্তঃশিক্ষাবোর্ড কর্তৃক প্রকাশিত একাদশ শ্রেণির ভর্তি নীতিমালা-২০২৫ পরিপত্রের আলোকে অত্র কলেজে নিম্নলিখিত শর্তাধীনে ভর্তির জন্য www.xiclassadmission.gov.bd ওয়েব সাইটের মাধ্যমে আবেদন করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থীদের নির্ধারিত সময়ের মধ্যে আবেদন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া হলো।

১। আবেদন করার যোগ্যতা ও শাখা নির্বাচন :

ক) ২০২৩, ২০২৪ ও ২০২৫ সালে দেশের যে কোন শিক্ষাবোর্ড অথবা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, মাদ্রাসা এবং কারিগরি শিক্ষাবোর্ডের অধীনে এস.এস.সি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ নিম্নলিখিত জি.পি.এ প্রাপ্ত শিক্ষার্থীরা ওয়েব সাইটের মাধ্যমে আবেদন করতে পারবে।

খ) বিদেশি কোন বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠান হতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক তার সনদের মান নির্ধারণের পর ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে।

গ) ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপ গ্রুপ নির্বাচন করতে পারবে। যথা:

*বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপের যে কোন একটি;

*মানবিক গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপের যে কোন একটি;

*ব্যবসায় শিক্ষা গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপের যে কোন একটি।

* মাদ্রাসা শিক্ষাবোর্ড থেকে বিজ্ঞান গ্রুপ উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটিতে এবং সাধারণ গ্রুপ থেকে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটিতে আবেদন করতে পারবে।

* কারিগরি শিক্ষা বোর্ড থেকে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ সাধারণ শিক্ষা বোর্ডের যে কোন গ্রুপে ভর্তির আবেদন করতে পারবে।

ঘ) গ্রুপওয়ারী জি.পি.এ এর হার: (i) বিজ্ঞান গ্রুপ-৫.০ (ii) মানবিক -৪.০ এবং ব্যবসায় শিক্ষা গ্রুপ-৩.৫০

অনলাইনে ভর্তি:

শিক্ষার্থীরা শুধু অনলাইনে আবেদন করতে পারবে। অনলাইনে আবেদনের জন্য ওয়েব সাইটের ঠিকানা: www.xiclassadmission.gov.bd অনলাইনে আবেদনের ক্ষেত্রে ২২০/- (দুইশত বিশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ৫টি এবং সর্বোচ্চ ১০টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।

ভর্তির আবেদন, ফল প্রকাশ এবং ক্লাস শুরুর সময়সূচি:

ক্রমিক নং	বিষয়	তারিখ
১	ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ (যারা পুনঃনিরীক্ষণের জন্য আবেদন করবে, আবেদনের যোগ্য হলে তাদেরও এই সময়ের মধ্যে আবেদন করতে হবে। অনলাইনের আবেদনগুলো শিক্ষার্থীর পছন্দক্রম অনুযায়ী অটো মাইগ্রেশন প্রযোজ্য।	৩০/০৭/২০২৫ (বৃহস্পতিবার) থেকে ১১/০৮/২০২৫ (সোমবার) পর্যন্ত
২	আবেদন যাচাই, বাছাই ও আপত্তি নিষ্পত্তি	১২/০৮/২০২৫ (মঙ্গলবার)
৩	শুধু পুনঃনিরীক্ষণে ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ	১৩/০৮/২০২৫ (বুধবার) থেকে ১৪/০৮/২০২৫ (বৃহস্পতিবার)
৪	পছন্দক্রম পরিবর্তনের সময়	১৫/০৮/২০২৫ (শুক্রবার)
৫	১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ	২০/০৮/২০২৫ (বুধবার রাত ৮.০০ টায়)
৬	শিক্ষার্থীর নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ১ম পর্যায়ের নির্বাচন এবং আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে)	ফল প্রকাশের পর থেকে ২২/০৮/২০২৫ (শুক্রবার) রাত ৮:০০ টা পর্যন্ত
৭	২য় পর্যায়ে আবেদন গ্রহণ	২৩/০৮/২০২৫ (শনিবার) থেকে ২৫/০৮/২০২৫ (সোমবার রাত ৮.০০টা পর্যন্ত)
৮	পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফল প্রকাশ	২৮/০৮/২০২৫ (বৃহস্পতিবার রাত ৮.০০টায়)
৯	২য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	২৮/০৮/২০২৫ (বৃহস্পতিবার রাত ৮.০০টায়)
১০	২য় পর্যায়ের শিক্ষার্থীর নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ২য় পর্যায়ের নির্বাচন ও আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে)	২৯/০৮/২০২৫ (শুক্রবার) থেকে ৩০/০৮/২০২৫ (শনিবার রাত ৮.০০টা পর্যন্ত)
১১	৩য় পর্যায়ে আবেদন গ্রহণ	৩১/০৮/২০২৫ (রবিবার) থেকে ০১/০৯/২০২৫ (সোমবার পর্যন্ত)
১২	পছন্দক্রম অনুসারে ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ	০৩/০৯/২০২৫ (বুধবার রাত ৮.০০ টায়)
১৩	৩য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	০৩/০৯/২০২৫ (বুধবার রাত ৮.০০ টায়)
১৪	৩য় পর্যায়ের শিক্ষার্থীর নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ৩য় পর্যায়ের নির্বাচন এবং আবেদন বাতিল হবে)	০৪/০৯/২০২৫ (বৃহস্পতিবার)
	সর্বশেষ মাইগ্রেশনের ফল প্রকাশ	০৫/০৯/২০২৫ (শুক্রবার)
১৫	কলেজে ভর্তির তারিখ	০৭/০৯/২০২৫ (রবিবার) থেকে ১৪/০৯/২০২৫ (রবিবার)
১৬	ক্লাস শুরু	১৫ সেপ্টেম্বর, ২০২৫ (সোমবার)

আবেদন ফি পেমেণ্টের মাধ্যম (Payment Operators):

1.Nagad 2.Sonali Bank Ltd. 3.Teletalk 4.SureCash 5.Rocket 6.Bkash

বি.দ্র.: প্রবাসীদের সন্তান/বি.কে.এস.পি থেকে উত্তীর্ণ শিক্ষার্থী/খেলাধুলা এবং সাংস্কৃতিক ক্ষেত্রে বিভাগীয় বা জাতীয় পর্যায়ে অসামান্য অবদানের জন্য পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থী ভর্তির জন্য বোর্ডে ম্যানুয়্যালি আবেদন করতে পারবে।

প্রতিস্থাপক

প্রফেসর মো: সামসুল হক-৪৭১৮

অধ্যক্ষ

নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ।

আহবায়ক

ড. মোঃ জিল্লুর রহমান

সহযোগী অধ্যাপক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি

একাদশ ভর্তি কমিটি: ২০২৫-২০২৬

নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ